



**WEST BENGAL STATE UNIVERSITY**

B.A. Honours/Programme 3rd Semester Examination, 2020, held in 2021

**BNGHGEC03T/BNGGCOR03T-BENGALI (GE3/DSC3)**

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রম্নেরমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ (অনধিক ৩০০ শব্দে) ১০ × ৪ = ৪০

**একক-১**

(ক) জীবনী সাহিত্য বলতে কী বোঝো? জীবনী সাহিত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কে আলোচনা করো। ৩+৭

**অথবা**

(খ) আত্মজীবনী রচনার উৎস কী? আত্মজীবনী রচনার সীমাবদ্ধতা সম্পর্কে আলোচনা করো। ৩+৭

**একক-২**

(গ) ‘স্বামীজীকে যেরূপ দেখিয়াছি’ গ্রন্থ অবলম্বনে স্বামীজীর মহাপ্রস্থান প্রসঙ্গটির পরিচয় দাও। ১০

**অথবা**

(ঘ) ‘স্বামীজীকে যেরূপ দেখিয়াছি’ গ্রন্থের পঞ্চম পরিচ্ছেদে উত্তর ভারতের প্রাকৃতিক সৌন্দর্য বর্ণনা প্রসঙ্গে স্বামীজীর যে গভীর স্বদেশপ্রেমের পরিচয় পাওয়া যায় তা নিজের ভাষায় লেখো। ১০

**একক-৩**

(ঙ) শিবনাথ শাস্ত্রী রচিত ‘আত্মচরিত’ গ্রন্থটি আত্মজীবনী সাহিত্যরূপে কতখানি সার্থক, তা আলোচনা করো। ১০

**অথবা**

(চ) সাধারণ ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠার কারণ কী? ‘আত্মচরিত’ গ্রন্থ অবলম্বনে শিবনাথ শাস্ত্রীর ভূমিকা পর্যালোচনা করো। ১০

**একক-৪**

(ছ) সত্যজিৎ রায়ের বিদ্যালয় জীবনের টুকরো টুকরো ছবি ‘যখন ছোট ছিলাম’ গ্রন্থে যে-ভাবে ধরা পড়েছে তা অসাধারণ এক জীবনালেখ্য। — আলোচনা করো। ১০

**অথবা**

(জ) ছেলেবেলায় সত্যজিৎ রায় যে-সমস্ত বিশিষ্ট ব্যক্তিত্ব-র সান্নিধ্যে এসেছিলেন — ‘যখন ছোট ছিলাম’ গ্রন্থ অনুসরণে তাঁদের পরিচয় দাও। ১০

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দ) ৫ × ২ = ১০
- (ক) জীবনী সাহিত্য পাঠের উপযোগিতা বিচার করো। ৫
- (খ) ‘মরদ কি বাত হাতি কা দাঁত’ - কে, কোন্ প্রসঙ্গে প্রবাদটির উল্লেখ করেছেন? ১+৪
- (গ) বিধবাবিবাহ সম্পর্কিত শিবনাথ শাস্ত্রীর দু-একটি অভিজ্ঞতা সংক্ষেপে বর্ণনা করো। ৫
- (ঘ) ‘কেশে মাখো কুস্তলীন  
রুমালেতে দেনখোশ,  
পানে খাও তাম্বুলীন  
ধন্য হোক এইচ বোস।’ ১+১+৩
- এইচ. বোস-এর সম্পূর্ণ নাম কী? সত্যজিতের সঙ্গে তাঁর সম্পর্ক কী? লেখক কোন্ প্রসঙ্গে এই উদ্ধৃতাংশটি উল্লেখ করেছেন?

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—